

# খরচ-ভাগাভাগি জনিত হ্রাস NY State of Health তে উপলব্ধ

## ব্যক্তিবিশেষ ও পরিবার: আপনার চিকিৎসা খরচ কম করুন



স্টেট দ্বারা পরিচালিত NY State of Health, অফিসিয়াল স্বাস্থ্য প্ল্যান মার্কেটপ্লেসে বিমা কেনেন এমন কিছু ব্যক্তি ও পরিবার খরচ-ভাগাভাগি জনিত হ্রাস পেতে সমর্থ হবেন, যা তাদেরকে স্বাস্থ্য সেবা পাওয়ার সময়ে কম মূল্য পরিশোধ করার সুযোগ দেবে।

আপনি স্টেট দ্বারা পরিচালিত NY State of Health-এর মাধ্যমে বিনামূল্যে বা কম খরচে স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য কিনা, তা জানতে [nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov) দেখতে পারেন।

### খরচ-ভাগাভাগি জনিত হ্রাস কী এবং তা কীভাবে কাজ করে?

আপনি স্বাস্থ্য সেবা পরিষেবাগুলো পাওয়ার সময় যে পরিমাণ মূল্য দেন, খরচ-ভাগাভাগি জনিত হ্রাস তাকে কমিয়ে দেয়। এগুলো আপনার ডিডাক্টিবল বা বিয়োজ্য, কো-ইন্সিওরেন্স এবং নিজের পকেট থেকে মোট খরচ কমিয়ে দিতে পারে, কিন্তু শুধুমাত্র যদি আপনি NY State of Health-এ একটি “সিলভার” লেভেল প্লানে নথিভুক্ত হন তবেই। এছাড়াও আপনি আপনার মাসিক প্রিমিয়ামের উপরও ছাড়ের জন্য যোগ্য হবেন, একে প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট বলে। খরচ-ভাগাভাগির সুবিধা পাওয়ার জন্য আপনাকে অবশ্যই প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হতে হবে। আমাদের তথ্য শীট দেখুন, *প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট সম্পর্কে আপনি কতটা বুঝেছেন: ব্যক্তি ও পরিবারবর্গের জন্য বিকল্প*

আপনি যে পরিমাণ খরচ-ভাগাভাগি জনিত হ্রাস পেতে পারেন, তা নির্ভর করে আপনার আয়ের উপরে। আপনার আয় যত কম হয়, আপনি তত বেশি সাহায্য পেতে পারেন।

- ফেডারেল দারিদ্র শ্রেণি (FPL) এর 138% এবং 250% এর মধ্যে উপার্জন থাকা ব্যক্তি এবং পরিবারগুলি তাদের বিয়োজন, কো-পে এবং কো-ইন্সিওরেন্স এর ক্ষেত্রে সাহায্য পেতে পারেন, যাতে প্রত্যেক বার তাদের ডাক্তারের কাছে যাওয়া বা অন্য স্বাস্থ্য পরিচর্যা পরিষেবার প্রয়োজন হলে কম খরচ দিতে হয়।
- উদাহরণস্বরূপ, FPL-এর 138% - 250% হল একজন ব্যক্তির ক্ষেত্রে \$16,243 - \$29,425 এর মাঝামাঝি আয়ের সমান, আর চারজন মানুষের পরিবারের ক্ষেত্রে \$33,465 - \$60,625 এর মাঝামাঝি আয়ের সমান।
- কম আয় করেন এমন ব্যক্তির বিনামূল্যে সরকারি স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য হতে পারেন।

স্বাস্থ্য পরিচর্যার সংস্কার সম্বন্ধে আরও বিশদে জানতে এবং আপনি খরচ-ভাগাভাগি জনিত হ্রাস পাওয়ার যোগ্য কিনা তা দেখতে [nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov)-এ NY State of Health দেখুন বা 1-855-355-5777 নম্বরে ফোন করুন।



## আপনি এখন NY State of Health তে স্বাস্থ্য বিমা কিনতে পারেন



### যে কোনো স্বাস্থ্য প্ল্যানের জন্যই কি খরচ-ভাগাভাগির ভর্তুকি পাওয়া যায়?

**গুরুত্বপূর্ণ:** আপনি যদি NY State of Health-এর মাধ্যমে “সিলভার-লেভেল” প্ল্যানের নথিভুক্ত করান তাহলে আপনাকে যা দিতে হবে তার উপর আপনি ছাড় পেতে পারেন।

আপনি যখন প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য হন, অথবা জাতীয় দারিদ্র সীমার (FPL) 250%-এর নীচে থাকেন, এবং NY State of Health এর মাধ্যমে একটি সিলভার প্লানে নথিভুক্ত হন, তখন খরচ-ভাগাভাগি জনিত হ্রাসগুলো আপনাকে থেকেই আপনার বিমার আওতায় প্রযোজ্য হবে।

### আর্থিক সহায়তার যেসব শর্তাবলী জানতে হবে

“খরচ-ভাগাভাগি” বলতে বোঝায়, বিমার আওতায় থাকাকালীন আপনি স্বাস্থ্য সেবার জন্য কত মূল্য পরিশোধ করেন। এর অন্তর্ভুক্ত হল **ডিডাক্টিবল বা বিয়োজ্য, কোপমেন্ট**, এবং **কোইন্সুরেন্স**। প্রিমিয়ামগুলো বা আপনার স্বাস্থ্য প্ল্যানের আওতাভুক্ত নয় এমন পরিষেবার খরচগুলো এর অন্তর্ভুক্ত নয়।

**ডিডাক্টিবল বা বিয়োজ্য** আপনার স্বাস্থ্য প্ল্যান মূল্য পরিশোধ শুরু করার আগে, আপনাকে বেশির ভাগ ধরনের পরিচর্যার জন্য অবশ্যই যে অর্থ পরিশোধ করতে হয়। উদাহরণস্বরূপ, যদি আপনার ডিডাক্টিবল \$1,000 হয়, সেই ক্ষেত্রে আপনার প্ল্যান আপনার পাওয়া বেশির ভাগ পরিচর্যার জন্য কোনো অর্থই পরিশোধ করবে না, যতক্ষণ না আপনার খরচ \$1,000 ডিডাক্টিবল হচ্ছে।

- জাতীয় স্বাস্থ্য সেবা আইনের অধীনে, নতুন ক্রয় করা প্ল্যানগুলোতে কিছু নির্দিষ্ট প্রকারের প্রিভেন্টিভ কেয়ার পরিষেবাকে অবশ্যই পূর্ণরূপে অন্তর্ভুক্ত করতে হয় এইসব পরিষেবা পাওয়ার সময়ে আপনাকে কোনো ডিডাক্টিবল বা অন্যান্য খরচ-ভাগাভাগির অর্থরাশি পরিশোধ করতে হবে না।

• **কোপমেন্ট** আওতাভুক্ত স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলোর জন্য আপনি যে স্থির ডলার অর্থরাশি (যেমন \$20) পরিশোধ করেন। আওতাভুক্ত স্বাস্থ্য সেবার পরিষেবাগুলোর উপরে নির্ভর করে, কোপ-এর পার্থক্য হতে পারে।

• **কোইন্সুরেন্স** আওতাভুক্ত স্বাস্থ্য পরিচর্যা পরিষেবার খরচগুলো আপনার অংশকে বোঝায়। পরিষেবাটির জন্য বিমা প্রদানকারী যে মূল্যের সিদ্ধান্ত নেন, তার শতকরা হার।

- উদাহরণস্বরূপ, যদি আপনার কোইন্সুরেন্স 20% হয় এবং চিকিত্সার খরচ \$1,000 হয় এবং আপনার খরচ আপনার ডিডাক্টিবল এর সমান হয়ে যায়, তাহলে আপনার কোইন্সুরেন্সের অর্থরাশি হবে \$1000 এর 20% বা \$200। আপনার স্বাস্থ্য বিমা প্ল্যান বিলের বাকি 80% অংশ বা \$800 পরিশোধ করবে।

বেশির ভাগ মানুষকে অবশ্যই বিমা করাতে হবে, নতুবা জরিমানা দিতে হবে।  
আজই বিমা নিন।